বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয় ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-৫ তারিখঃ ২৯/০১/২০২০

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

অন-লাইনে মূল্য পরিশোধের ক্ষেত্রে আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের ব্যবহার প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স-২০১৮,খন্ড-১, অধ্যায়-১৯, অনুচ্ছেদ-১৭ অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংকের কার্ডহোল্ডারগণ বিদেশী স্বনামধন্য ও নির্ভরযোগ্য উৎস হতে পণ্য ও সেবা ক্রয়ে (যেমন ডাউনলোডযোগ্য এপ্লিকেশন সফট্ওয়্যার, ই-বুক ইত্যাদি), ম্যাগাজিন/নিউজপেপার সাবস্ক্রিপশন ফি পরিশোধে আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারের জন্য প্রাধিকার প্রাপ্ত।

০২। এক্ষণে এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, উপরোক্ত প্রাধিকারের আওতায় আন্তর্জাতিক ক্রেডিট কার্ড দ্বারা আমদানি নিষিদ্ধ পণ্য ও সেবা ব্যতীত (১৪/১১/২০১৯ তারিখের এফই সার্কুলার পত্র নং-২৬/২০১৯ অনুযায়ী) বৈধ যেকোন পণ্য ও সেবা ক্রয় (অনলাইনে ডিজিটাল মার্কেটিং/বিজ্ঞাপন ব্যয়সহ) অনুমোদিত লেনদেন হিসেবে বিবেচিত হবে। অনলাইন ব্যবস্থায় মূল্য পরিশোধের বিপরীতে কার্ডহোল্ডারগণ কর্তৃক প্রযোজ্য কর/শুল্ক পরিশোধ এবং পণ্য/সেবা প্রাপ্তির বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংক-কে নিশ্চিত হতে হবে। এছাড়া অপ্রত্যাশিত ঝুঁকি এড়াতে কার্ডহোল্ডারদেরকে অনির্ভরযোগ্য/অসাধু বিক্রেতার থেকে ক্রয় না করা প্রসঙ্গে যথাযথ সতর্কতা অবলম্বন করার জন্য প্রযোজনীয় নির্দেশনা জ্ঞাপন করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩